দৈনিক সংবাদ

১০

তারিখ 18 FEB 1997
পৃষ্ঠা ১ কলাম ২

# দেশে সাড়ে ৫ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই

॥ রাশেদ আহমেদ ॥

সারাদেশে ৫ হাজার ৬শ' ৯৩টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। এসব গ্রামে সর্বজনীন প্রাথমিক শিক্ষার আলো গিয়ে পৌছেনি আজও। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের অনুসন্ধানের ভিত্তিতে প্রণীত রিপোর্ট থেকে এ তথ্য জানা গেছে।

শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি সিদ্ধান্ত নিয়েছে ৫ বছরে ৫ হাজার প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করবে। সেই সাথে দেশের বিভিন্ন স্থানে ২০ হাজার স্যাটেলাইট স্কুল তৈরি করবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসেব অনুযায়ী দেশে প্রাথমিক শিক্ষা বিস্তারের জন্যে ১৩ হাজার গ্রামে স্যাটেলাইট স্কুল দরকার। শিক্ষা অধিদপ্তরের সূত্র জানায়, তারা ইতোমধ্যে ৪ হাজার স্যাটেলাইট স্কুল চালু করার একটি প্রকল্প শুরু করেছে। প্রায় ৩২ কোটি টাকা বাজেটের এই প্রকল্প সম্পন্ন হবে সরকারের সম্পূর্ণ নিজস্ব তহবিল থেকে। এর মধ্যে গত জানুয়ারিতে বিভিন্ন গ্রামে ১১ শ' স্যাটেলাইট স্কুল চালু করা হয়েছে।

সূত্র জানায়, আরো ৮ হাজার স্যাটেলাইট স্কুল নির্মাণের আরেকটি প্রকল্প চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এই প্রকল্প বাস্তবায়িত হবে ইউনিসেফ-এর অর্থায়নে। প্রকল্পের ফাইল বর্তমানে পরিকল্পনা মন্ত্রণালয়ে রয়েছে বলে সূত্র জানায়। স্যাটেলাইট স্কুলে শুধুমাত্র প্রথম ও দ্বিতীয় শ্রেণীর শিক্ষা দেয়া হয়ে থাকে। স্কুলগুলো প্রতিষ্ঠিত হয় অস্থায়ী ভিত্তিতে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসেব অনুযায়ী দেশে বর্তমানে ৩৮ হাজার ৭শ' ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বেসরকারি রেজিস্ট্রেশনকৃত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯ হাজার ৬শ' ৮৪টি। রেজিস্ট্রেশনের অপেক্ষায় প্রাথমিক

নেই ঃ পৃঃ ১১ কঃ ১

## নেই ঃ বিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

বিদ্যালয় রয়েছে আরো ৫ হাজার। এইসব প্রতিষ্ঠান সরকারি কোন সুযোগ-সুবিধা পায় না। তবে রেজিস্ট্রেশনকৃত প্রাথমিক বিদ্যালয়গুলো সরকারি অনুদান পেয়ে থাকে। এইসব প্রতিষ্ঠানের ভবন সরকারি টাকায় নির্মাণ করে দেয়া হচ্ছে। সেই সাথে বিনামূল্যের বইও দেয়ার নির্দেশ রয়েছে। রেজিস্ট্রেশনকৃত বেসরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের জন্যে প্রশিক্ষণের ব্যবস্থাও রয়েছে।